# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪) আহলে সুন্নাত ওয়াল জামা'আত কারা?

উত্তর: আহলে সুন্নাত ওয়াল জামা'আত তারাই, যারা আকীদা ও আমলের ক্ষেত্রে সুন্নাতকে আঁকড়ে ধরে এবং তার ওপর ঐক্যবদ্ধ থাকে এবং অন্য কোনো দিকে দৃষ্টি দেয় না। এ কারণেই তাদেরকে আহলে সুন্নাত রূপে নামকরণ করা হয়েছে। কেননা তারা সুন্নাহর ধারক ও বাহক। তাদেরকে আহলে জামা'আতও বলা হয়। কারণ, তাঁরা সুন্নাহর উপর জামাতবদ্ধ বা ঐক্যবদ্ধ।

অপরদিকে আপনি যদি বিদ'আতীদের অবস্থার প্রতি দৃষ্টিপাত করেন, তবে দেখতে পাবেন যে, তারা আকীদা ও আমলের ক্ষেত্রে বিভিন্ন দলে বিভক্ত। তাদের এ অবস্থা এটাই প্রমাণ করে যে, তারা যে পরিমাণ বিদ'আত তৈরি করেছে সে পরিমাণ সুন্নাত থেকে দূরে সরে গেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=536

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন